কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 13 AUGUST 2026 ,THURSDAY | ১৩ আগস্ট ২০২৬ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-251


## বিশ্ব হাতি দিবসে জলদাপাড়ায় কুনকি হাতিদের স্নান করালেন বন মন্ত্রী




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ আগস্ট :** বুধবার বিশ্ব হাতি দিবস উপলক্ষ্যে বন দপ্তরের জলদাপাড়া বিভাগে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন রাজ্যের বন ও পরিবেশ মন্ত্রী মনোজ কুমার ওঁরাও। জলদাপাড়া বিভাগের কুনকি হাতি প্রিয়দর্শিনী, গজরাজ,তিস্তারানী ও ডায়না কে এদিন হলং ঝোড়ায় নিয়ে যান বন কর্মীরা। সেখানে হাতিগুলিকে স্নান করানো হয়। বন মন্ত্রী বন কর্মীদের সাথে হাত মিলিয়ে হাতিগুলিকে স্নান করান। স্নান এর পর নিজ হাতে ফলমূল খাইয়ে দেন বন মন্ত্রী। উল্লেখ্য কানাডার চলচ্চিত্র নির্মাতা প্যাট্রিসিয়া সিমস ও থাইল্যান্ডের এলিফ্যান্ট রিইন্ট্রোডাকশান ফউন্ডেশন বিশ্বের হাতিদের সংরক্ষন,হাতি শিকার বন্ধ করা,বনাঞ্চল ধ্বংস রোধ করে হাতিদের সুরক্ষা ও সহায়তা করার লক্ষ্যে বিশ্ব হাতি দিবসের সুচনা করেন ২০১২ সালের ১২ আগস্ট। এরপর থেকেই এই দিনটি বিশ্ব হাতি দিবস হিসেবে পালিত হয়ে আসছে। এদিন মন্ত্রী জানান বিশ্ব হাতি দিবসে কুনকিদের দিয়ে কোনো কাজ করানো যাবেনা। তিনি পরিবেশ রক্ষা করে হাতিদের সংরক্ষনের ও বার্তা দেন। বন মন্ত্রীকে নিজেদের মাঝে পেয়ে বন কর্মীদের উৎসাহ উদ্দীপনা ছিলো লক্ষ্যনীয়।

## পশ্চিমবঙ্গ বিধানসভায় পাস কলকাতা ও হাওড়া পুরসভা সংশোধনী বিল

### "সালকিয়া জল প্রকল্পের" ঘোষণা মন্ত্রী অগ্নিমিত্রা পালের




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কলকাতা ,১২ আগস্ট :** বুধবার বিধানসভায় কলকাতা ও হাওড়া পুরসভা সংশোধনী বিল ২০২৬ পাশ হয়েছে। কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন আইন ১৯৮০, সংশোধন করে কলকাতা পুরসভায় এলাকার ওয়ার্ড সংখ্যা ১৪৪ থেকে বেড়ে ২০৯ এবং হাওড়া পুরসভা এলাকার ওয়ার্ড সংখ্যা ৫০ থেকে বেড়ে ৬৮ করা হয়েছে। কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন আইন সংশোধন সংক্রান্ত আলোচনার জবাবী ভাষণে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান ,"এই বিলের উদ্দেশ্য শুধুমাত্র কলকাতা পুরসভার আসন সংখ্যা বৃদ্ধি। ওয়ার্ডের সীমানা নির্ধারণ বা পুনর্বিন্যাসের দায়িত্ব রাজ্য নির্বাচন কমিশনের"।অপরদিকে হাওড়া পুর নিগম সংশোধনী বিল নিয়ে আলোচনার জবাবী ভাষণে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন ,"প্রয়োজনের তাগিদে প্রশাসনিক কাজের সুবিধার্থে হাওড়া পুরসভায় ওয়ার্ড সংখ্যা ৫০ থেকে বাড়িয়ে ৬৮ করা হয়েছে। আগামী বছরের সেপ্টেম্বর মাসের মধ্যে ৪৫২ কোটি টাকা ব্যয়ে সালকিয়া ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট করে দেওয়া হবে"।


# বিয়াল্লিশটি হারানো মোবাইল ফোন উদ্ধার করে প্রকৃত মালিকদের হাতে তুলে দিলো মাটিগাড়া থানার পুলিশ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১২ আগস্ট :**শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন মাটিগাড়া থানার পুলিশ হারিয়ে যাওয়া বা চুরি যাওয়া বিয়াল্লিশটি মোবাইল ফোন উদ্ধারের পর প্রকৃত মালিকদের হাতে তুলে দিলো। পুলিশ সূত্রে জানা গেছে বিভিন্ন সময়ে হারিয়ে যাওয়া বা চুরি যাওয়া মোবাইল ফোনের মালিকদের অভিযোগের ভিত্তিতে তদন্ত করে মোবাইল ফোন গুলি উদ্ধার করা হয়। উদ্ধারের পর বিশেষ প্রক্রিয়ায় প্রকৃত মালিকদের চিহ্নিত করে বুধবার তাদের ঠানায় ডেকে পাঠানো হয়। মালিকরা থানায় আসার পর তাদের হাতে মোবাইল ফোন গুলি তুলে দেওয়া হয়। মোবাইল ফোন ফেরত পেয়ে মালিকদের মুখে ছিলো হাসি, তারা এই কাজের জন্য পুলিশকে জানান ধন্যবাদ।

# উদ্ধার পাঁচটি আগ্নেয়াস্ত্র ,দশটি ম্যাগাজিন, পয়ত্রিশ রাউন্ড গুলি ,গ্রেপ্তার দুই






**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মুর্শিদাবাদ ,১২ আগস্ট :** মুর্শিদাবাদ জেলা পুলিশের জিয়াগঞ্জ থানার পুলিশ ও স্পেশাল অপারেশন গ্রুপ মঙ্গলবার রাতে গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে থানা এলাকায় অভিযান চালিয়ে দুই ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তিদের হেফাজত থেকে উদ্ধার হয় পাঁচটি আগ্নেয়াস্ত্র, দশটি ম্যাগাজিন ও পয়ত্রিশ রাউন্ড গুলি। পুলিশ আটক ব্যক্তিদের গ্রেপ্তার করে তাদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে বুধবার তাদের আদালতে পেশ করে। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

# খাঁচা বন্দী চিতাবাঘ ,আতঙ্ক মুক্ত এলাকাবাসী




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ আগস্ট :** বন দপ্তরের কর্মীদের পাতা খাঁচায় মঙ্গলবার রাতে ধরা পড়লো একটি বিশাল আকারের চিতাবাঘ।ঘটনা আলিপুরদুয়ার জেলার ফালাকাটা ব্লকের শালমুমার গ্রাম পঞ্চায়েতের খাউচাঁদপাড়ার সুপ্রিয় চা বাগানে। স্থানীয়রা জানান কয়েকদিন ধরেই তাদের বাড়ি থেকে নিখোঁজ হয়ে যাচ্ছিলো ছাগল ও অন্যান্য গবাদি পশু তারা বুঝে যান এটি জঙ্গল থেকে আসা চিতাবাঘের কান্ড। স্থানীয়রা খবর দেন বন দপ্তরের জলদাপাড়া রেঞ্জের কর্মীদের। খবর।পেয়ে বন কর্মীরা এলাকায় পৌঁছে সমস্ত বিষয় খতিয়ে দেখে চিতাবাঘের উপস্থিতি সম্পর্কে নিশ্চিত হন ও মঙ্গলবার রাতে চা বাগানে ছাগলের।টোপ দিয়ে খাঁচা পাতেন। ছাগলের লোভে খাঁচায় বন্দী হয় চিতাবাঘটি। বুধবার সকালে স্থানীয় বাসিন্দাদের থেকে খবর পেয়ে বন কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে খাঁচা সহ চিতাবাঘটিকে উদ্ধার করে নিয়ে যান ও চিতাবাঘটির স্বাস্থ্য পরীক্ষার পর ফের জঙ্গলে ছেড়ে দেন। তারা জানান এটি সাম্প্রতিক কালে ধরা পড়া চিতা বাঘগুলির মধ্যে সব থেকে বড় একটি পূর্ণবয়স্ক পুরুষ চিতাবাঘ চিতাবাঘটি ধরা পড়ায় আতঙ্কমুক্ত হয়েছেন এলাকাবাসী।

# দশ ঘন্টার চেষ্টায় মাতৃহারা গন্ডার শাবককে জঙ্গলে ফেরালেন বন কর্মীরা



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ আগস্ট :** মঙ্গলবার সকালে একটি পুরুষ গন্ডারের তাড়া খেয়ে একটি মা গন্ডার তার শাবককে নিয়ে জলদাপাড়া জঙ্গল থেকে বেরিয়ে চলে আসে আলিপুরদুয়ার জেলার ফালাকাটা ব্লকের কুঞ্জনগর এলাকায়। এদিন সকালে প্রান ভয়ে ভীত মা গন্ডারটি ঐ এলাকায় তার শাবককে নিয়ে ছুটাছুটি করছিলো। এক সময় শাবকটি মা গন্ডারের থেকে বিচ্ছিন্ন হয়ে যায়। শাবক হারা মা গন্ডারটি এরপর পাগলের মতো এদিক ওদিক ছুটতে থাকে। সন্তানকে খুঁজে না পেয়ে হৃদরোগে আক্রান্ত হয়ে মা গন্ডারটির মৃত্যু ঘটে বলে বন কর্মীদের ধারনা। তারা মৃত গন্ডারটিকে উদ্ধার করে নিয়ে যান ময়না তদন্তের জন্য। মা গন্ডারের মৃত্যুতে শাবকটি দিশা হারা হয়ে এদিক ওদিক ছুটাছুটি শুরু করে। শাবকটিকে রক্ষা করা চ্যালেঞ্জ হয়ে দাঁড়ায় বন কর্মীদের কাছে। তারা শাবকটিকে উদ্ধার করে নিরাপদ আশ্রয়ে ফিরিয়ে দেবার লক্ষ্যে অভিযান শুরু করেন। সকাল সাড়ে সাতটা থেকে তাদের অভিযান শুরু হয়। অভিযানে সামিল হন বন দপ্তরের ছটি বিটের ষাট জন কর্মী। তারা প্রথমে জাল দিয়ে ঘেরাটোপ বানিয়ে গন্ডার শাবকটিকে আটক করার চেষ্টা করেন। কিন্তু সাধারন মানুষের ঔৎসুক্য ও ভীড়ের কারনে তাদের সেই চেষ্টা সফল হয়নি। পরে পশু চিকিৎসক এর পরামর্শে ঘুমপাড়ানী গুলিতে কাবু করে শাবকটিকে খাঁচা বন্দী করে জলদাপাড়া জঙ্গলের হরিনডাঙ্গা টাওয়ার লাগোয়া তৃণভূমিতে ছেড়ে দেওয়া হয়। বন কর্মীরা জানান শাবকটি মা হারা হয়ে পরিবেশের সাথে কিভাবে মানিয়ে নেবে সেদিকে নিয়মিত নজরদারী চালাবেন তারা। শাবকটিকে নিরাপদে জঙ্গলে ফিরিয়ে দিতে পেরে স্বস্তির নিশ্বাস ফেলেন বন কর্মীরা।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |